উপজেলা পরিষদ কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২৩-৫২০ (৫০)

তারিখ ঃ ০৮ শ্রাবণ ১৪৩০
২৩ জুলাই ২০২৩

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৪৮তম মাসিক সভা (জুলাই, ২০২৩ মাসের) আগামী ২৬/০৭/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ১০ঃ০০ টায় কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/চিঠি-পত্রের বিষয়ে আলোচনা।
০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ / পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৪। বিভিন্ন স্থায়ী কমিটির সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৫। উপজেলা পরিষদের সদস্যগণ কর্তৃক উপস্থাপিত বিষয় সমূহ আলোচনা।
০৬। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম আলোচনা।
০৭। বিবিধ বিষয় আলোচনা।
ক) ২০২৩-২০২৪ সমাপ্ত অর্থ বছরের এডিপি'র প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
খ) পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার প্রকল্প) এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
গ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রংকরণ ও মেরামত বিষয়ে আলোচনা।
ঘ) পত্রিকায় মুদ্রণ খরচের বিল প্রদান বিষয়ে আলোচনা।
ঙ) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী খরচের বিল প্রদান বিষয়ে আলোচনা।
চ) উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টাল আপডেটকরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা।
ছ) উপজেলা পরিষদ মিলনায়তনের ভাড়া নির্ধারণ বিষয়ে আলোচনা।

০২। উক্ত সভায় যথাসময়ে অংশগ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল এবং সভার কার্যপত্র (যদি থাকে) আবশ্যিকভাবে আগামী ২৫/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইলে (ই-মেইল নং- narayan14gram@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্যও তাঁকে অনুরোধ করা হ'ল।

Rubaiya 26/07/23
রুবাইয়া খানম
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
মোবাইল-০১৭৩৩৩৫৪৯৩৬
ই-মেইল- unocomillasadarsouth@gmail.com

প্রাপক ঃ ..............................................................
..............................................................
..............................................................
ও সদস্য, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২৩-৫২০ /১(৫০)/১(৭)

তারিখ ঃ ০৮ শ্রাবণ ১৪৩০
২৩ জুলাই ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৫। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী এর সদয় অবগতির জন্য।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাঁকে উপজেলা কমিটির কোন সুপারিশ থাকলে তা এ কার্যালয়ে আগামী ২৫/০৭/২০২৩ তারিখের মধ্যে ই-মেইলে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাকে এ নোটিশটি ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৮। সংরক্ষণ নথি।

Rubaiya 26/07/23
রুবাইয়া খানম
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

উপজেলা পরিষদ কার্যালয়

কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

# কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের জুলাই, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভার সভাপতি ঃ জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান , উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
সভার তারিখ ঃ ২৬ জুলাই, ২০২৩ খ্রিঃ, রোজ বুধবার সভার সময় ঃ বেলা ১০ঃ০০ টা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
সভার উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"-তে উল্লেখ করা হলো

উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব গোলাম সারওয়ার এর সভাপতিত্বে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের জুলাই, ২০২৩ মাসের সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় নব-যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব রুবাইয়া খানমকে সভায় স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য তাকে অনুরোধ জানান। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব রুবাইয়া খানম আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হলো ঃ

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় বিগত ১৪ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদের জুন, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান, জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক সময়ে সময়ে মৌখিক ও লিখিতভাবে প্রদত্ত পরামর্শ মোতাবেক কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে। তিনি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কোন বিষয়ে কোন সুপারিশ আছে কিনা সে বিষয়ে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং সকল বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় এঁর নিকট হতে মৌখিক ও লিখিতভাবে কোন পরামর্শ পাওয়া গেলে সেবিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

০৪। নুতন কোন সার্কুলার/পরিপত্র বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা কোন বিষয়ে মন্ত্রণালয় হতে কোন পরিপত্র/সার্কুলার পাওয়া গেলে তা সভায় উপস্থাপনের জন্য সকলকে অনুরোধ জানান। বিভাগীয় কর্মকর্তাগণ কর্তৃক সভায় কোন নতুন সার্কুলার/ পরিপত্র উপস্থাপন করা হয়নি।

সিদ্ধান্ত ঃ

ক) কোন বিষয়ে মন্ত্রণালয় হতে কোন সার্কুলার/পরিপত্র পাওয়া গেলে তা পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

০৫। বিগত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা ঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব-বিভাগের কাজের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত ঃ

ক) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ফলোআপ রিপোর্ট এবং সভার কার্যপত্র (যদি থাকে) যথাসময়ে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার নিকট জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ বিভাগীয় কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল।

০৬। বিভিন্ন উপজেলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

ক) জনাব রুবাইয়া খানম, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা কর্তৃক ২৫ জুলাই, ২০২৩ পর্যন্ত অনুষ্ঠিত বিভিন্ন উপজেলা কমিটির সভার কার্যবিবরণী সমূহ সভায় উপস্থাপন করা হয়। উপজেলা কমিটির কার্যবিবরণী সমূহ পর্যালোচনায় দেখা যায়- জুলাই, ২০২৩ মাসের এ পর্যন্ত ০৬টি উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি জুলাই, ২০২৩ মাসের এ পর্যন্ত প্রমাপ অনুযায়ী ০৬টি উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) উপজেলা কমিটির সভাসমূহ নিয়মিত অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়।

খ) আগামী মাস হতে প্রমাপ অনুযায়ী উপজেলা কমিটির কোন সভা অনুষ্ঠিত না হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে উর্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ ১। সভাপতি, সংশ্লিষ্ট সকল উপজেলা কমিটি।

২। সদস্য-সচিব (বিভাগীয় কর্মকর্তা), সংশ্লিষ্ট সকল।

০৭। সভায় অনুমোদন যোগ্য উপজেলা কমিটির নিকট হতে প্রাপ্ত প্রস্তাব সমূহের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | উপজেলা কমিটির নাম | প্রাপ্ত প্রস্তাব ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১০/০৭/২০২৩ তারিখ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় আগামী ১৭ অক্টোবর, ২০২৩ তারিখ হতে অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) জুলাই, ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০২ | পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ২৭/০৬/২০২৩ তারিখ পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বন বিভাগের জন্য বরাদ্দকৃত ৪০২ নং কক্ষে ২টি চেয়ার, ১টি টেবিল ও ১টি ফ্যান বরাদ্দ দেয়ার এবং উক্ত কক্ষের ছাদ চুইয়ে পানি কক্ষের অভ্যন্তরে প্রবেশ বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়েছে। | ক) জুলাই, ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।<br>খ) বন বিভাগের জন্য উপজেলা পরিষদ ভবনে বরাদ্দকৃত কক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র বরাদ্দ চেয়ে বিভাগীয় বন কর্মকর্তা বরাবর যোগাযোগের জন্য পরামর্শ প্রদান করা হয় এবং কক্ষের অভ্যন্তরে পানি প্রবেশের বিষয়টি সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি।<br>খ) ফরেস্টার, সামাজিক বনবিভাগ/ উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ০৩ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ২৪/০৭/২০২৩ তারিখ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা পরিষদের অনুমোদন ব্যতীত অপরিকল্পিতভাবে যাতে কোন ভবন নির্মাণ করা না হয় সে বিষয়ে জনসচেতনতা সৃষ্টির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) জুলাই, ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৪ | অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ২৩/০৭/২০২৩ তারিখ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের শুরুতে এডিপি ১০০% বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় | ক) জুলাই, ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | | |
| ০৫ | প্রাথমিক ও গণ শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ২৫/০৭/২০২৩ তারিখ প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় শিক্ষা প্রতিষ্ঠানে প্লেয়িং এক্সেসরিজ বিতরণ ও প্রাথমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) জুলাই, ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৬ | আইন-শৃংখলা বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ০৯/০৭/২০২৩ তারিখ আইন-শৃংখলা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) জুলাই, ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী আইন-শৃংখলা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |

০৮। উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিভাগ সমূহের বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা ঃ

সভায় বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ | ক) জনাব তপন কুমার দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে অবহিত করেন যে- ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় গৃহীত প্রকল্প সমূহের শতভাগ বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। স্থানীয় রাজস্ব জমার বিপরীতে গৃহীত প্রকল্প সমূহের দরপত্র আহবান করা হয়েছে এবং আরো কিছু প্রকল্প যাচাই-বাছাইয়ের কাজ চলছে। তিনি সভায় আরো জানান, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে বিগত বছরের চেয়ে বেশি বরাদ্দ পাওয়া যাবে মর্মে আশা করা যাচ্ছে। অর্থ বছরের শুরুতে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করার লক্ষ্যে এডিপি খাতের প্রকল্প তালিকা জমা দেয়ার জন্য সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>খ) জনাব তপন কুমার দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে আরো অবহিত করেন যে- নির্মাণ সামগ্রী ও নির্মাণ কাজের গুণগত পরীক্ষার জন্য সরকার প্রতিটি উপজেলায় একটি করে ল্যাব স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতোমধ্যে কুমিল্লা জেলার কয়েকটি উপজেলায় ল্যাব উদ্বোধন করা হয়েছে। কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় একটি ল্যাব স্থাপনের জন্য উপজেলা পরিষদ ভবনের নীচতলায় একটি কক্ষ বরাদ্দ প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দ এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের (স্থানীয় রাজস্ব জমা) বিপরীতে গৃহীত প্রকল্প সমূহের কাজ প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।<br>খ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ল্যাব স্থাপনের জন্য উপজেলা পরিষদ ভবনের নীচ তলার কোন কক্ষটি বরাদ্দ দেয়া যায় এ বিষয়ে আগামী সভায় প্রস্তাব উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ক)+খ) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বহির্বিভাগ, জরুরী বিভাগ ও আন্তঃ বিভাগের সেবাপ্রাপ্ত রোগীদের সংখ্যা ব্যাপকভাবে | ক) পার্শ্বে বর্ণিত যন্ত্রপাতি সমূহের স্থানীয় বাজার দর পুনঃ যাচাই করে ভ্যাট ও আয়করের অর্থ ও ইনস্টলমেন্ট খরচ ক্রেতা না বিক্রেতা কর্তৃক পরিশোধ করা হবে সে | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |

<table>
<tr>
<td></td>
<td>বিভাগ</td>
<td>বৃদ্ধি পাওয়ায় রোগীদের পরীক্ষা-নিরীক্ষার সেবা প্রদানের বিষয়টি অপরিহার্য হওয়ায় বিগত মে, ২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভায় প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের জন্য ৫,৭৫,০০০/-(পাঁচ লক্ষ পঁচাত্তর হাজার) টাকার ০১টি প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে। উক্ত প্রাক্কলনের সাথে ভ্যাট ও আয়করের অর্থ যুক্ত ছিল না বিধায় অনুমোদিত অর্থ ব্যয়ে মালমাল সমূহ ক্রয় করা যাচ্ছে না। তাই স্থানীয় বাজার দর যাচাই করে ভ্যাট ও আয়করের অর্থ যুক্ত করে যন্ত্রপাতি সমূহের মুল্য তালিকা সংগ্রহ করা হয়েছে: যা নিম্নে উল্লেখ করা হলো:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>যন্ত্রপাতির নাম</th><th>সংখ্যা</th><th>সম্ভাব্য মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>সেল কাউন্টার</td><td>০১টি</td><td>৩,৯৭,২৫০/-</td></tr>
<tr><td>০২</td><td>বায়োকেমেস্ট্রি এনালাইজার</td><td>০১টি</td><td>১,৮১,৩০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>কম্পাউন্ড মাইক্রোস্কোপ</td><td>০১টি</td><td>৪৩,২০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>ল্যাব রোটেটর(ডিজিটাল)</td><td>০১টি</td><td>১৪,৭৫০/-</td></tr>
<tr><td>০৫</td><td>মাইক্রোপিপেট (১০-৫০,১০-১০০,১০০-১০০০ মাইক্রোলিটার)</td><td>০৩টি</td><td>১১,৯১৯/-</td></tr>
<tr><td>০৬</td><td>ল্যাব সেন্ট্রিফিউজ মেশিন</td><td>০১টি</td><td>১৩,৬২০/-</td></tr>
<tr><td>০৭</td><td>ইনস্টলমেন্ট চার্জ</td><td></td><td>৫৬,৫০০/-</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট</td><td>৭,১৮,৮৩৯/-</td></tr>
</table>
তিনি উপরে বর্ণিত সংশোধিত মূল্য তালিকা অনুমোদন করে ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি/স্থানীয় জমা খাত হতে উল্লেখিত যন্ত্রপাতি সমূহ ক্রয় করে সরবরাহ করার জন্য সভায় অনুরোধ জানান।</td>
<td>বিষয়টি নিশ্চিত হয়ে আগামী সভায় তথ্যসহ প্রস্তাব উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>৩</td>
<td>ইউজিডিপি প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা</td>
<td>উপজেলা ফ্যাসিলিটেটর, ইউজিডিপি প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ইউজিডিপি প্রকল্প কর্তৃক উপজেলা পরিষদের কর্মদক্ষতা মূল্যায়নে এ উপজেলা পূর্বশর্ত পূরণসহ সর্বোচ্চ ১০০ নম্বর পেয়েছে এবং ৬ষ্ঠ ধাপে ইউজিডিপিতে নির্বাচিত হয়েছে। সর্বোচ্চ নম্বর পাওয়ার প্রেক্ষিতে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ পেয়েছে। প্রকল্প পরিচালক মহোদয়ের কার্যালয়ের ০৮ জুন, ২০২৩ তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬). ২০২২ -৯৫১২ মূলে বরাদ্দ প্রদত্ত ৫০ লক্ষ টাকার বিপরীতে শিক্ষা, চিকিৎসা বা কৃষি সম্পর্কিত উপ-প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচন পূর্বক আগামী ৩১ আগষ্ট, ২০২৩ তারিখের মধ্যে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। প্রতিটি উপ-প্রকল্পের সর্বনিম্ন বাজেট হবে ১০ লক্ষ টাকা এবং সর্বোচ্চ বরাদ্দ ৪০ লক্ষ টাকা হতে হবে মর্মে নির্দেশনা দেয়া হয়েছে। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>ক) কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে হাই ও লো-বেঞ্চের সংকট থাকায় ছাত্র-ছাত্রীদের পাঠদানের সুবিধার্থে ইউজিডিপি প্রকল্প কর্তৃক এ উপজেলার অনুকূলে বরাদ্দকৃত ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার মধ্য হতে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ)টাকার বিপরীতে এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে হাই ও লো-বেঞ্চ সরবরাহের প্রকল্প এবং অবশিষ্ট ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার বিপরীতে বিভিন্ন ইউনিয়নের জড়াজীর্ণ কমিউনিটি ক্লিনিক সমূহ মেরামতের প্রকল্প গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ক) উপজেলা ফ্যাসিলিটেটর, ইউজিডিপি প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
</table>

০৯। <u>বিবিধ আলোচনাঃ</u>

<table>
<tr>
<td>ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি ও অর্জন বিষয়ে আলোচনাঃ<br><br>ক) ইউনিয়ন ডিজিটাল সেন্টার ( ইউডিসি) ঃ</td>
<td>জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের কার্যক্রম, কম্পিউটার শিক্ষার প্রসার এবং সাইবার অপরাধের বিষয়ে উপজেলা আইসিটি কমিটি/ফোরামের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি উপজেলার ওয়েব পোর্টালকে আরো তথ্য সমৃদ্ধ ও</td>
<td>ক) ইউআইএসসি এর কার্যক্রমে আরো গতিশীলতা আনতে হবে এবং ইউআইএসসি- এর উদ্যোক্তাগণ কর্তৃক নিয়মিতভাবে দৈনিক আয়ের তথ্য আপলোড করার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) উপজেলার ওয়েব পোর্টালকে</td>
<td>ক) চেয়ারম্যান, সকল ইউপি, কুমিল্লা সদর দক্ষিণ।<br>খ) সহকারী</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | নান্দনিক করার লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাগণকে প্রত্যেকটা বিষয়ে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। | আরো তথ্য সমৃদ্ধ ও নান্দনিক করার লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগের কর্মকান্ডের যাবতীয় তথ্যাদির সফট কপি সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নিকট জমা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>গ) উপজেলার ওয়েব পোর্টালের বর্তমান অবস্থা সম্পর্কে আগামী ০৭ দিনের মধ্যে একটি প্রতিবেদন প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর/ বিভাগীয় কর্মকর্তা, সকল।<br>গ) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| খ) পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার প্রকল্প) এর কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা। | জনাব নাসরিন আক্তার, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) সভায় পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক পরিচালিত কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন এবং পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্পের) এর ঋণ বিতরণ ও আদায়সহ কার্যক্রমের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন।<br>আলোচনায় অংশ নিয়ে জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ সভায় বলেন, এখন থেকে প্রত্যেক মাসে খেলাপী ঋণ গ্রহীতাদের বিস্তারিত তথ্য (ইউনিয়নের নাম, খেলাপী সমিতির নাম, ঋণ গ্রহীতার নাম, সন, খেলাপী ঋণের পরিমান ইত্যাদি) সভায় উপস্থাপন করতে হবে এবং স্থানীয় জনপ্রতিনিধিগণের সহায়তা নিয়ে খেলাপী ঋণ আদায় শুণ্যের কোটায় নামাতে হবে। | ক) প্রতিটি ইউনিয়নের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে ২০২০ সনের পূর্বেকার খেলাপী ঋণ শতভাগ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) এখন থেকে প্রত্যেক মাসে ঋণ আদায় ও বিতরণের বিস্তারিত তথ্য (ইউনিয়নের নাম, খেলাপী সমিতির নাম, ঋণ গ্রহীতার নাম, সন, খেলাপী ঋণের পরিমান ইত্যাদি) সভায় উপস্থাপন করতে হবে।<br>গ) খেলাপী ঋণ আদায় শুণ্যের কোটায় নামিয়ে আনার লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বারদের উপস্থিতিতে খেলাপী ঋণ গ্রহীতাদের নিয়ে সভা করতে হবে। | ক)+খ)+গ) শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুমিল্লা সদর দক্ষিণ। |
| গ) ভিক্ষুকমুক্তকরণ বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ইতোমধ্যে জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের উপস্থিতিতে ০৭(সাত) জন ভিক্ষুককে পুর্নবাসন করা হয়েছে। সংশ্লিষ্ট খাতে আরো অর্থ জমা আছে। যা দিয়ে আরো ভিক্ষুককে পুর্নবাসন করা যাবে।<br>আলোচনায় অংশ নিয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, বিগত অর্থ বছরে ভিক্ষক পুর্নবাসনের জন্য সমাজসেবা মন্ত্রণালয় হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ দেয়া হয়েছে।<br>আলোচনায় অংশ নিয়ে জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান সভায় বলেন, বঙ্গবন্ধু পল্লীতে ইতোমধ্যে যাদের পুর্নবাসন করা হয়েছে। তাদের মধ্যে অনেক লোক খুবই দু:স্থ। ভিক্ষুকমুক্তকরণ প্রকল্পের আওতায় উক্ত দু:স্থ লোকদের স্বাবলম্বী করার লক্ষে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রয়োজন। | ক) ইতোপূর্বে যে ০৭জন ভিক্ষুককে পুর্নবাসন করা হয়েছে তারা এখন কি অবস্থায় আছে তা সরেজমিন পরিদর্শন করে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>খ) বঙ্গবন্ধু পল্লীতে পুর্নবাসিত লোকদের মধ্যে অতি দু:স্থ লোকদের একটি তালিকা করে তাদের স্বাবলম্বী করার জন্য কাকে কি ধরণের সহায়তা প্রদান প্রয়োজন সে বিষয়ে একটি প্রস্তাবনা আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) + খ) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঘ) উপজেলা পরিষদের ঝোপ-ঝাড় পরিস্কারকরণ খরচ | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরের ঝোপ-ঝাড় পরিস্কার কাজে ঘাস মারার ঔষধ ক্রয় ও লেবার খরচ বাবদ সর্বমোট ৯,৮০০/-( নয় হাজার আটশত) টাকা ব্যয় হয়েছে। উক্ত খরচের বিল উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ করেন। | ক) উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরের ঝোপ-ঝাড় পরিস্কার কাজে ব্যয়িত ৯,৮০০/-( নয় হাজার আটশত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়। | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |

| | | | |
|---|---|---|---|
| আধুনিকায়নকৃত উপজেলা পরিষদ হলরুম ব্যবহারের বিষয়ে আলোচনা। | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, বিগত ২০২২-২০২৩ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের অর্থায়নে অনেক টাকা ব্যয় করে উপজেলা পরিষদ মিলনায়তনটি আধুনিকায়ন করা হয়েছে। আধুনিকায়নকৃত উপজেলা পরিষদ হলরুমটি এখন সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত। হলরুমে আধুনিক সাউন্ড সিস্টেম, প্রজেক্টর ও মাল্টিমিডিয়া এবং ১০টি এসি রয়েছে। হলরুম ব্যবহারকালীন সময়ে এসকল মূল্যবান মালামালের নিরাপত্তা বিধান খুবই প্রয়োজন। এছাড়াও হলরুম ব্যবহারকালীন সময়ে ১০টি এয়ার কুলার চালু থাকবে। এতে উপর্জেলা পরিষদকে অনেক টাকার বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। তাই হলরুমের যথেচ্ছাচার ব্যবহার নিয়ন্ত্রণ ও বিদ্যুৎ বিল পরিশোধের জন্য কিছু ফি নির্ধারণ করা প্রয়োজন। সভায় উপস্থিত সদস্যগণ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | ক) উপজেলা পরিষদের হল রুমের মূল্যবান মালামালের নিরাপত্তা বিধানের লক্ষ্যে মালামাল রক্ষার্থে কে কোন দায়িত্ব পালন করবেন সে বিষয়ে একটি অফিস আদেশ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।<br>খ) সর্ব সম্মতিক্রমে উপজেলা পরিষদ হলরুম ব্যবহারের জন্য নিম্নেবর্ণিত হারে দৈনিক ভাড়া নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয় :<br>০১। সরকারি অফিসের সভা অনুষ্ঠানের জন্য দৈনিক ১,০০০/-(এক হাজার) টাকা হারে<br>০২। সরকারি অফিসের যে কোন প্রশিক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণের জন্য ভাড়া/সাউন্ড সিস্টেম/ ডেকোরেশন খাতে প্রাপ্ত বরাদ্দের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার ভাড়া নির্ধারণ করবেন।<br>০৩। বে-সরকারি প্রতিষ্ঠানের কোন অনুষ্ঠানের ক্ষেত্রে দৈনিক ভাড়া ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা হারে। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ।<br><br>খ) উপজেলা নির্বাহী অফিসার/ সকল বিভাগীয় প্রধানগণ, কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা। |
| চ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামত ও রংকরণ বিষয়ে আলোচনা। | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটির অধিকাংশ দরজার চৌকাঠ, পাল্লা, থাইগ্লাস নষ্ট হয়ে গেছে, স্থানে স্থানে দেয়ালের আস্তর খসে পড়েছে, ভিতর ও বাইরের রং নষ্ট হয়ে গেছে, সীমানা প্রাচীর ভেংগে পড়েছে এবং পানির লাইন, বাথরুম ও কিচেনের বিভিন্ন ফিটিংস মরিচা পড়ে ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। ভবনটি ব্যবহারোপযোগী করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে ভবনটির প্রয়োজনীয় সংস্কার/মেরামত কাজ সম্পাদন করা প্রয়োজন। সাবেক উপজেলা নির্বাহী অফিসার বদলী হয়ে চলে যাবার পরে প্রয়োজনীয় মেরামতের অভাবে নবাগত উপজেলা নির্বাহী অফিসার ভবনটিতে মালামাল তোলাসহ বসবাস শুরু করতে পারছেন না। তাই ভবনটি সরেজমিন পরিদর্শন করে উপজেলা পরিষদ চেয়ারম্যানের পরামর্শ মোতাবেক ভবনটির প্রয়োজনীয় সংস্কার/মেরামত, ভিতর ও বাইরের অংশের রংকরণ কাজ, সীমানা প্রাচীর সংস্কার, গার্ডরুম ও গেরেজ সংস্কার এবং রাস্তা মেরামত কাজ সম্পাদনের ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন এবং স্থানীয় সরকার বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক বরাদ্দের 'উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণ এবং উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীন ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত' উপ-খাত হতে বরাদ্দ চেয়ে পত্র যোগাযোগের অনুরোধ জানান। | ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটির প্রয়োজনীয় সংস্কার/ মেরামত ও রংকরণ কাজ, সীমানা প্রাচীর সংস্কার, ওয়াকওয়ে নির্মাণ, গেরেজ সংস্কার এবং রাস্তা মেরামত কাজ সম্পাদনের জন্য প্রস্তুতকৃত ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকার প্রাক্কলনটি সভায় অনুমোদিত হয় এবং স্থানীয় সরকার বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক বরাদ্দের 'উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণ এবং উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীন ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত' উপ-খাত হতে প্রাক্কলিত অর্থের বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র যোগাযোগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ছ) স্কাউট ক্যাম্পুরী ২০২৩ উদযাপনের | জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান- জনাব মোঃ মিজানুর | ক) গত ১০ জুন হতে ১৩ জুন, ২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা পর্যায়ে | ক) উপজেলা নির্বাহী অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| ...আলোচনা। | রহমান, সম্পাদক, উপজেলা স্কাউটস, কুমিল্লা সদর দক্ষিণ কর্তৃক এই মর্মে একটি আবেদন করা হয়েছে যে- উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শ মোতাবেক গত ১০ জুন হতে ১৩ জুন, ২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা পর্যায়ে স্কাউট ক্যাম্পুরী অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে বিভিন্ন খাতে সর্বমোট ১,৯৯,২৪৪/- টাকা ব্যয় হয়েছে; যার মধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে চাঁদা বাবদ সর্বমোট ৯০,০০০/- টাকা আদায় হয়েছে। উক্ত অনুষ্ঠান পরিচালনা খাতে অতিরিক্ত ব্যয়িত ১,০৯,২৪৪/- টাকা উপজেলা স্কাউটসের তহবিল হতে পরিশোধের কোন সুযোগ নাই বিধায় উক্ত অর্থ উপজেলা পরিষদের যে কোন তহবিল হতে পরিশোধের অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | অনুষ্ঠিত স্কাউট ক্যাম্পুরী অনুষ্ঠানে বিভিন্ন খাতে ব্যয়িত ১,৯৯,২৪৪/- টাকার মধ্যে উপজেলা স্কাউটস কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে চাঁদা বাবদ সংগৃহীত ৯০,০০০/- টাকা বাদ দিয়ে অবশিষ্ট ১,০৯,২৪৪/- টাকা উপজেলা স্কাউটসকে উপজেলা উন্নয়ন তহবিলের শিক্ষার মান উন্নয়ন উপ-খাত থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | কুমিল্লা সদর দক্ষিণ/ সম্পাদক, উপজেলা স্কাউটস, কুমিল্লা সদর দক্ষিণ। |
| জ) ছবি বাঁধাই খরচের বিল পরিশোধের বিষয়ে আলোচনা। | জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান- কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় বিভিন্ন সময়ে কর্মরত উপজেলা নির্বাহী অফিসারগণের স্মৃতি ধরে রাখার লক্ষ্যে সকল নির্বাহী অফিসারের ছবি বাঁধাই করা হয়েছে। উক্ত কাজে সর্বমোট ১০,২০৭/-(দশ হাজার দুইশত সাত) টাকা ব্যয় হয়েছে। উক্ত খরচের বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | ক) ছবি বাঁধাই খাতে ব্যয়িত ১০,২০৭/-(দশ হাজার দুইশত সাত) টাকা খরচের বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঝ) চাঁদপুর চৌমুহনী হতে শ্রীমন্তপুর পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মরহুম হুমায়ুন কবির মজুমদার এর নামে নামকরণ বিষয়ে আলোচনা | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, এ উপজেলাধীন চৌয়ারা ইউনিয়নে অবস্থিত 'চাঁন্দপুর চৌমুহনী হতে শ্রীমন্তপুর পর্যন্ত রাস্তাটি' বীর মুক্তিযোদ্ধা মরহুম হুমায়ুন কবির মজুমদার এর নামে নামকরণের জন্য জনাব নাছির মোহাম্মদ, পিতা : সাজেদুল হক মজুমদার, গ্রাম : দক্ষিণ রামপুর, পো: আহম্মদনগর কর্তৃক একটি আবেদন করা হয়েছে। উক্ত আবেদনের বিষয়ে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ :<br>০১। বর্ণিত রাস্তাটি ১১৭ নং চাঁদপুর মৌজার ১ নং খাস খতিয়ানভুক্ত ১৪৬৭ দাগ, ২৫৭ নং দক্ষিণরামপুর মৌজার ১ নং খাস খতিয়ানভুক্ত ২১৫,৪৭৫,৫০৯,৫১০, ৪৫৬,৪৪৯ ও ৩৮০ দাগে, ২৫৪ নং বড় গোপালনগর মৌজার ১ নং খাস খতিয়ানের ৭৫৫,৭০২ ও ৮৫৮ দাগে এবং ২৮১ নং শ্রীমন্তপুর মৌজার চৌয়ারা ইউনিয়ন পরিষদের নামীয় ৩ নং খতিয়ানের ৩৬১ দাগে রাস্তা শ্রেণির সর্বমোট ৪.৬৮ একর ভূমির উপর অবস্থিত।<br>০২। উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিবেদন মোতাবেক বীর মুক্তিযোদ্ধা মরহুম হুমায়ুন কবির মজুমদার একজন প্রকৃত মুক্তিযোদ্ধা ।<br>০৩। প্রস্তাবিত রাস্তাটি বর্তমানে এলজিইডির'র গেজেটভুক্ত রাজেশপুর-কমলপুর-নলকুড়ি-মাটিয়ারা-শ্রীমন্তপুর-চাঁদপুর সড়কের অংশ বিশেষ, সড়কের আইডি নং- ৪১৯৯১২০১০।<br>০৪। বর্ণিত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মরহুম হুমায়ুন কবির মজুমদার এর নামে নামকরণের বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর সম্মতি রয়েছে।<br>০৫। বর্ণিত রাস্তাটি নামকরণের বিষয়ে চৌয়ারা ইউনিয়ন পরিষদের সিদ্ধান্ত রয়েছে।<br>০৬। এ ব্যাপারে স্থানীয় এমপি মহোদয়েরও ডিও পাওয়া গেছে। | ক) কুমিল্লা সদর দক্ষিণ উপজেলাধীন চৌয়ারা ইউনিয়নে অবস্থিত 'চাঁন্দপুর চৌমুহনী হতে শ্রীমন্তপুর পর্যন্ত রাস্তাটি' বীর মুক্তিযোদ্ধা মরহুম হুমায়ুন কবির মজুমদার এর নামে নামকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ প্রস্তাব জেলায় পাঠানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঞ) উপজেলা শিক্ষা | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা | ক) জরুরী প্রয়োজনে উপজেলা শিক্ষা | ক) উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| [illegible] | সদর দক্ষিণ সভায় জানান, তাৎক্ষণিক জরুরী প্রয়োজনে ১৪,৯৪০/-(চৌদ্দ হাজার নয়শত চল্লিশ) টাকা ব্যয়ে উপজেলা শিক্ষা অফিসের ক্ষুদ্র মেরামত কাজ সম্পাদন করা হয়েছে। উক্ত খরচের বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | অফিসের ক্ষুদ্র মেরামত কাজে ১৪,৯৪০/-(চৌদ্দ হাজার নয়শত চল্লিশ) টাকা ব্যয়ের বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়। | প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ট) আধুনিকায়নকৃত উপজেলা পরিষদ হলরুমের জন্য নতুন আসবাবসপত্র ক্রয়ের বিষয়ে আলোচনা। | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, বিগত ২০২২-২০২৩ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের অর্থায়নে উপজেলা পরিষদ মিলনায়তনটি আধুনিকায়ন করা হয়েছে। আধুনিকায়নকৃত উপজেলা পরিষদ হলরুমে কোন সভা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার ও টেবিল নেই। বিদ্যমান চেয়ার ও টেবিলগুলোও খুবই পুরানত ও ভাংগা। যার ফলে কোন সভা অনুষ্ঠান করতে সমস্যা হয়। তাই হলরুমের জন্য কিছু নতুন চেয়ার ও টেবিল ক্রয়ের জন্য ৫,০০,০০০/-( পাঁচ লক্ষ) টাকা ব্যয় সীমার মধ্যে একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন এবং উপজেলা রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় ও মেরামত খাতের অর্থ হতে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা ব্যয়ে করে আসবাবপত্র ক্রয়ের অনুমোদন প্রদানের অনুরোধ জানান। | ক) আধুনিকায়নকৃত উপজেলা পরিষদ হলরুমে ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার ও টেবিল ক্রয়ের জন্য প্রস্তুতকৃত ৫,০০,০০০/-( পাঁচ লক্ষ) টাকার প্রাক্কলনটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উপজেলা রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় ও মেরামত খাতের অর্থ হতে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা ব্যয়ে করে প্রাক্কলন মোতাবেক আসবাবপত্র ক্রয়ের প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঠ) সুয়াগাজী বাজারের পুরাতন সড়ক ও জনপথ বিভাগের রাস্তার উপরে ফেলা বর্জ্য অপসারণ বিষয়ে আলোচনা। | জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, সুয়াগাজী বাজারের পুরাতন সড়ক ও জনপথ বিভাগের রাস্তার উপরে এবং রাস্তার আশ-পাশের বিভিন্ন স্থানে অপরিকল্পিতভাবে বাজারের পঁচনশীল ও অ-পচনশীল বর্জ্য ফেলার কারণে উক্ত এলাকায় দুর্গন্ধ ছড়ানোসহ মারাত্বক অ-স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হয়েছে। বাজারটি ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক সংলগ্ন এবং বৃহত্তর বাজারের উপরে অবস্থিত হওয়ায় বিষয়টি অধিক জনগুরুত্বপূর্ণ বিধায় সমাধান করা অতীব জরুরী। উল্লিখিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সকলে উক্ত সমস্যা সমাধানে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | ক) সুয়াগাজী বাজারের বর্জ্য ব্যবস্থাপনার জন্য একটি সুনির্দিষ্ট ডাম্পিং স্টেশন নির্ধারণের জন্য সড়ক ও জনপথ বিভাগ এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>খ) জরুরী ভিত্তিতে সুয়াগাজী বাজারের বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট একটি প্রকল্প গ্রহণের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের দৃষ্টি আকর্ষণপূর্বক অনুরোধ করা হয়। | ক) উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গোলাম সারওয়ার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০১.০০২.২৩- ৫৪১(৫০)

তারিখ : ১৫ আষাঢ় ১৪৩০
৩০ জুলাই ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০৭। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৮। উপজেলা ........................................................................ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান,........................................................................ইউনিয়ন পরিষদ (সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১০। সংরক্ষণ নথি।

Rubaiya 30.07.2023

রুবাইয়া খানম
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
ফোন- ০১৭৩৩০৫৪৯৩৬
ই-মেইল: unocomillasadarsouth@gmail.com

পরিশিষ্ট "ক"

## ২৬/৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ

### (প্রতিনিধি সদস্যবৃন্দ)

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | উপস্থিতি | | |
|---|---|---|---|---|
| | | উপস্থিতি | অনুপস্থিতি | মন্তব্য |
| ০১ | জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০২ | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | | |
| ০৩ | মিসেস নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৪ | জনাব মোঃ তানভীর হোসেন, চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৫ | জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৬ | জনাব মোঃ ওবায়েদুর রহমান, চেয়ারম্যান, গলিয়ারা উত্তর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | | |
| ০৭ | জনাব মোঃ জামাল উদ্দিন প্রধান, চেয়ারম্যান, গলিয়ারা দক্ষিণ ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৮ | জনাব মোঃ সেলিম আহাম্মদ, চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৯ | জনাব মোঃ মমিনুল ইসলাম, চেয়ারম্যান, জোড়কানন (পূর্ব) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১০ | জনাব মোঃ জামাল , প্যানেল চেয়ারম্যান-১, জোড়কানন(পশ্চিম) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |

### (কর্মকর্তা সদস্যবৃন্দ )

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | উপস্থিতি/অনুপস্থিতির চিত্র | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০২ | ডাঃ মোহাম্মদ মেজবাহ্ উদ্দীন, উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৩ | জনাব দেবাশীষ চৌধুরী, অফিসার ইন চার্জ, কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা | অনুপস্থিত | - | |
| ০৪ | সৈয়দ মোঃ তৈয়ব হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৫ | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৬ | জনাব মোঃ জুনায়েদ কবির খাঁন, উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৭ | ডাঃ ইকবাল হোসেন, উপজেলা প্রানী সম্পদ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৮ | জনাব শামীমা শারমীন, উপজেলা সমাজ সেবা অফিসার ,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৯ | জনাব পারভীন আক্তার, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | - |
| ১০ | জনাব মোহাম্মদ মিজানুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১১ | জনাব মোঃ সালাহ উদ্দিন মাহমুদ, উপজেলা যুব উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১২ | জনাব নাসরিন আক্তার, শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৩ | মোসাম্মৎ শাহানা আক্তার, উপজেলা সমবায় অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৪ | জনাব প্রবীর কুমার রায়, উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৫ | জনাব মোঃ শাহ্ জালাল মিয়া, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৬ | জনাব সোহানা আক্তার লিজা, উপজেলা পরিসংখ্যান অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |
| ১৭ | জনাব মোঃ সাইফুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৮ | জনাব মোঃ ফজলে রাব্বী সরকার, ফরেস্টার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৯ | জনাব মোঃ রেজাউল ইসলাম, উপজেলা মৎস্য অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২০ | জনাব রওশন আরা, উপজেলা শিক্ষা অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২১ | জনাব মোঃ খলিলুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |
| ২২ | জনাব মোঃ মনিরুল ইসলাম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৩ | জনাব মোঃ ফজলে রাব্বী, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |
| ২৪ | বেগম সালমা খাতুন, সহকারী প্রোগ্রামার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |
| ২৫ | জনাব মুহাম্মদ রায়হান আরেফীন, উপজেলা নির্বাচন অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |
| ২৬ | জনাব ফারহানা আক্তার রুনা, তথ্যসেবা কর্মকর্তা (তথ্য আপা) তথ্য কেন্দ্র, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | অনুপস্থিত | |
| ২৭ | জনাব শিমুল কান্তি সরকার, উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |

--০০--

উপজেলা পরিষদ কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২৩-৫৭৯ (৫০)

তারিখ ঃ ২২ শ্রাবণ ১৪৩০
০৬ আগস্ট ২০২৩

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৪৮তম মাসিক সভা (আগস্ট, ২০২৩ মাসের) আগামী ২১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ টায় কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/চিঠি-পত্রের বিষয়ে আলোচনা।
০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ / পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৪। বিভিন্ন স্থায়ী কমিটির সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৫। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।
০৬। উপজেলা পরিষদের সদস্যগণ কর্তৃক উপস্থাপিত বিষয় সমূহ আলোচনা।
০৭। বিবিধ বিষয় আলোচনা।
ক) ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
খ) পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার প্রকল্প) এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
গ) উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টাল আপডেটকরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা।

০২। উক্ত সভায় যথাসময়ে অংশগ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল এবং সভার কার্যপত্র (যদি থাকে) আবশ্যিকভাবে আগামী ১৭/০৮/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইলে (ই-মেইল নং- unocomillasadarsouth@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্যও তাঁকে অনুরোধ করা হ'ল।

০৬/০৮/২৩
রুবাইয়া খানম
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
মোবাইল-০১৭৩৩৩৫৪৯৩৬
ই-মেইল- unocomillasadarsouth@gmail.com

প্রাপক ঃ ..........................................................
..........................................................
..........................................................
ও সদস্য, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২৩-৫৭৯/১(৫০)/১(৭)

তারিখ ঃ ২২ শ্রাবণ ১৪৩০
০৬ আগস্ট ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৫। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী এর সদয় অবগতির জন্য।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাঁকে উপজেলা কমিটির কোন সুপারিশ থাকলে তা এ কার্যালয়ে আগামী ১৭/০৮/২০২৩ তারিখের মধ্যে ই-মেইলে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাকে এ নোটিশটি ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৮। সংরক্ষণ নথি।

০৬/০৮/২৩
রুবাইয়া খানম
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

উপজেলা পরিষদ কার্যালয়

কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

## কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের আগস্ট, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভার সভাপতি | ঃ জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান , উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা |
| সভার তারিখ | ঃ ২১ আগস্ট, ২০২৩ খ্রিঃ, রোজ সোমবার সভার সময় ঃ বেলা ১১ঃ০০ টা |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা |
| সভার উপস্থিতি | ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"-তে উল্লেখ করা হলো |

উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব গোলাম সারওয়ার এর সভাপতিত্বে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের আগস্ট, ২০২৩ মাসের সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ জানান। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব রুবাইয়া খানম আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হলো ঃ

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় বিগত ২৬ জুলাই, ২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদের জুলাই, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান, জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক সময়ে সময়ে মৌখিক ও লিখিতভাবে প্রদত্ত পরামর্শ মোতাবেক কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে। তিনি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কোন বিষয়ে কোন সুপারিশ আছে কিনা সে বিষয়ে তথ্য উপস্থাপনের জন্য উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং সকল বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় এঁর নিকট হতে মৌখিক ও লিখিতভাবে কোন পরামর্শ পাওয়া গেলে সেবিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

০৪। নুতন কোন সার্কুলার/পরিপত্র বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা কোন বিষয়ে মন্ত্রণালয় হতে কোন পরিপত্র/সার্কুলার পাওয়া গেলে তা সভায় উপস্থাপনের জন্য সকলকে অনুরোধ জানান। সেপ্রেক্ষিতে সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ১৯ জুলাই ২০২৩ তারিখ অনুষ্ঠিত ৩য় আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত জাতীয় নির্দেশিকা সভায় উপস্থাপন করা হয়। জাতীয় নির্দেশিকা অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে 'ইউনিয়ন কমিটি' ও 'ওয়ার্ড কমিটি' গঠণ ও কমিটির সভা আহবানপূর্বক স্ব-স্ব অধিক্ষেত্রে ডেঙ্গু মশা নিধনে কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ

ক) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্ত এবং জাতীয় নির্দেশিকায় প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক 'ইউনিয়ন কমিটি' ও 'ওয়ার্ড কমিটি' সমূহ গঠণপূর্বক গঠিত কমিটির সভা আহবান এবং স্ব-স্ব-অধিক্ষেত্রে ডেঙ্গু মশা নিধনে কর্মপরিকল্পনা গ্রহণক্রমে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নসহ এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে প্রেরণের জন্য সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

খ) কোন বিষয়ে মন্ত্রণালয় হতে কোন সার্কুলার/পরিপত্র পাওয়া গেলে তা পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

০৫। বিগত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা ঃ

০৮। উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিভাগ সমূহের বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা ঃ

সভায় বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ | ক) জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে অবহিত করেন যে- চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের নিমিত্ত ০৯টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে। দাখিলকৃত দরপত্রের প্রেক্ষিতে ঠিকাদারী প্রতিষ্ঠানের নামে কার্যাদেশ জারীর কার্যক্রম চলমান আছে। তিনি আরো জানান, বিগত সভায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (স্থানীয় রাজস্ব জমা) এর বিপরীতে গৃহীত ও অনুমোদনকৃত পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প সমূহের বাস্তবায়ন কাজ চলমান আছে।<br>খ) জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে আরো অবহিত করেন যে- আনসার ব্যারাক নির্মাণের লক্ষে দরপত্র বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে। আগামী ২/১ দিনের মধ্যে দরপত্র বিজ্ঞপ্তি মুদ্রণের জন্য পত্রিকায় প্রেরণ করা হবে। | ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দ এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের (স্থানীয় রাজস্ব জমা) বিপরীতে গৃহীত প্রকল্প সমূহের কাজ যথাসময়ে প্রাক্কলন মোতাবেক সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।<br>খ) আনসার ব্যারাক নির্মাণের লক্ষে আগামী অক্টোবর, ২০২৩ মাসের মধ্যে কার্যাদেশ প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক)+খ) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বর্হিবিভাগ, জরুরী বিভাগ ও আন্তঃ বিভাগের রোগীদের পরীক্ষা-নিরীক্ষার সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের জন্য ৫,৭৫,০০০/-(পাঁচ লক্ষ পঁচাত্তর হাজার) টাকার ০১টি প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে। উক্ত প্রকল্পটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা | ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বর্হিবিভাগ, জরুরী বিভাগ ও আন্তঃ বিভাগের রোগীদের পরীক্ষা-নিরীক্ষার সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের জন্য অনুমোদিত ৫,৭৫,০০০/-(পাঁচ লক্ষ পঁচাত্তর হাজার) টাকার প্রকল্পটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | করা হয়। | |
| ৩ | ইউজিডিপি প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা | উপজেলা ফ্যাসিলিটেটর, ইউজিডিপি প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ইউজিডিপি প্রকল্পের ২০২১-২০২২ অর্থ বছরের (৬ষ্ঠ রাউন্ড) অবকাঠামো উন্নয়নের জন্য বরাদ্দ প্রদত্ত ৫০ লক্ষ টাকার বিপরীতে অনুমোদিত (ক) ৩৩টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫৭৪ জোড়া হাই-লো বেঞ্চ সরবরাহ এবং (খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং ইউনিয়ন পর্যায়ে অবস্থিত কমিউনিটি ক্লিনিক সমূহে রোগীদের বসার জন্য চেয়ার সরবরাহ প্রকল্প দু'টি বাস্তবায়নের জন্য দরপত্র বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে। আগামী ২/১ দিনের মধ্যে দরপত্র বিজ্ঞপ্তি মুদ্রণের জন্য পত্রিকায় প্রেরণ করা হবে। দরপত্র দাখিলের পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক) ইউজিডিপি প্রকল্পের ২০২১-২০২২ অর্থ বছরের (৬ষ্ঠ রাউন্ড) অবকাঠামো উন্নয়নের জন্য বরাদ্দ প্রদত্ত ৫০ লক্ষ টাকার বিপরীতে গৃহীত প্রকল্প দু'টি গুনগতমান বজায় রেখে প্রাক্কলন মোতাবেক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ এবং উপজেলা ফ্যাসিলিটেটর, ইউজিডিপি প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ/ উপজেলা ফ্যাসিলিটেটর, ইউজিডিপি প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণ। |

০৯। বিবিধ আলোচনাঃ

| | | | |
|---|---|---|---|
| ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি ও অর্জন বিষয়ে আলোচনাঃ<br><br>ক) ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) ঃ | জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের কার্যক্রম, কম্পিউটার শিক্ষার প্রসার এবং সাইবার অপরাধের বিষয়ে উপজেলা আইসিটি কমিটি/ফোরামের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি উপজেলার ওয়েব পোর্টালকে আরো তথ্য সমৃদ্ধ ও নান্দনিক করার লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাগণকে প্রত্যেকটা বিষয়ে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। | ক) ইউআইএসসি এর কার্যক্রমে আরো গতিশীলতা আনতে হবে এবং ইউআইএসসি- এর উদ্যোক্তাগণ কর্তৃক নিয়মিতভাবে দৈনিক আয়ের তথ্য আপলোড করার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) উপজেলার ওয়েব পোর্টালকে আরো তথ্য সমৃদ্ধ ও নান্দনিক করার লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগের কর্মকান্ডের যাবতীয় তথ্যাদির সফট কপি সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নিকট জমা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>গ) উপজেলার ওয়েব পোর্টালের বর্তমান অবস্থা সম্পর্কে আগামী ০৭ দিনের মধ্যে একটি প্রতিবেদন প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। | ক) চেয়ারম্যান, সকল ইউপি, কুমিল্লা সদর দক্ষিণ।<br><br>খ) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর/ বিভাগীয় কর্মকর্তা, সকল।<br><br>গ) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| খ) পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা। | জনাব নাসরিন আক্তার, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক পরিচালিত কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন এবং পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ বিতরণ ও আদায়সহ কার্যক্রমের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন।<br>আলোচনায় অংশ নিয়ে জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ সভায় বলেন, এখন থেকে প্রত্যেক মাসে বছর ভিত্তিক খেলাপী ঋণ গ্রহীতাদের বিস্তারিত তথ্য (ইউনিয়নের নাম, খেলাপী সমিতির নাম, ঋণ গ্রহীতার নাম, সন, খেলাপী ঋণের পরিমান ইত্যাদি) সভায় উপস্থাপন করতে হবে এবং স্থানীয় জনপ্রতিনিধিগণের সহায়তা নিয়ে খেলাপী ঋণ আদায় ডিসেম্বর ২০২৩ মাসের মধ্যে শুণ্যের কোটায় নামাতে হবে। | ক) প্রতিটি ইউনিয়নের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে ২০১৬, ২০১৭, ২০১৮ সনের খেলাপী ঋণ আগামী ডিসেম্বর ২০২৩ মাসের মধ্যে আদায় নিশ্চিত করতে হবে এবং জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে নতুন ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে।<br>খ) এখন থেকে প্রত্যেক মাসে ঋণ আদায় ও বিতরণের বিস্তারিত তথ্য (ইউনিয়নের নাম, খেলাপী সমিতির নাম, ঋণ গ্রহীতার নাম, সন, খেলাপী ঋণের পরিমান ইত্যাদি) এবং কত জন নতুন সদস্য নেয়া হয়েছে তার তালিকা সভায় উপস্থাপন করতে হবে। | ক)+খ) শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুমিল্লা সদর দক্ষিণ। |
| গ) উপজেলা পরিষদের বিভিন্ন প্রাতিষ্ঠানিক খরচ | উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদের প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ফ্রন্ট ডেস্ক সংস্কার, মুক্ত | ক) উপজেলা পরিষদের প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ফ্রন্ট ডেস্ক সংস্কার, মুক্ত মঞ্চের | ক) উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর |

<table>
<tr>
<td>অনুমোদন বিষয়ে আলোচনা।</td>
<td>মঞ্চের পার্শ্বের পানির লাইন সংস্কার, স্ক্যানার মেশিন মেরামত, টোনার ক্রয় ইত্যাদি কাজে সর্বমোট ১১,২০০/-(এগারো হাজার দুইশত) টাকা ব্যয় হয়েছে। উক্ত খরচের বিল উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ করেন।</td>
<td>পার্শ্বের পানির লাইন সংস্কার, স্ক্যানার মেশিন মেরামত, টোনার ক্রয় ইত্যাদি কাজে ব্যয়িত সর্বমোট ১১,২০০/- (এগারো হাজার দুইশত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।</td>
<td>দক্ষিণ।</td>
</tr>
<tr>
<td>ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামত ও রংকরণ(৩য় পর্যায়) বিষয়ে আলোচনা।</td>
<td>জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটির অধিকাংশ দরজার চৌকাঠ, পাল্লা, থাইগ্লাস নষ্ট হয়ে গেছে, স্থানে স্থানে দেয়ালের আস্তর খসে পড়েছে, ভিতর ও বাইরের রং নষ্ট হয়ে গেছে, সীমানা প্রাচীর ভেংগে পড়েছে এবং পানির লাইন, বাথরুম ও কিচেনের বিভিন্ন ফিটিংস মরিচা পড়ে ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। ভবনটি ব্যবহারোপযোগী করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে ভবনটির প্রয়োজনীয় সংস্কার/মেরামত কাজ সম্পাদন করা প্রয়োজন। ভবনটি সরেজমিন পরিদর্শন করে ভবনটির প্রয়োজনীয় সংস্কার/মেরামত কাজ সম্পাদনের জন্য ৩য় পর্যায়ে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে; যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো :<br>০১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামত প্রকল্প (৩য় অংশ), প্রাক্কলিত ব্যয়- ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>তিনি প্রস্তুতকৃত প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন প্রদানের অনুরোধ জানান।</td>
<td>ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটির প্রয়োজনীয় সংস্কার/ মেরামত কাজ সম্পাদনের জন্য নিম্নেবর্ণিত প্রকল্পটি সভায় অনুমোদিত হয়:<br>০১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামত প্রকল্প (৩য় অংশ), প্রাক্কলিত ব্যয়-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং<br>খ) অনুমোদিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td>
<td>ক) +খ)উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
<tr>
<td>ঙ) উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের সংস্কার বিষয়ে আলোচনা।</td>
<td>জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের জরুরী সংস্কার কাজ সম্পাদনের জন্য সরেজমিন পরিমাপ গ্রহণ করে একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে; যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো ঃ
<table>
<tr><th>ক্রম নং</th><th>কাজের বিবরণ</th><th>ব্যয়িত অর্থের পরিমান</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের সংস্কার প্রকল্প</td><td>১,৫০,০০০/-</td></tr>
</table>
তিনি বর্ণিত প্রকল্পটির কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের অফিস/বাসাবাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে বাস্তবায়নের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানান।</td>
<td>ক) পার্শ্বে বর্ণিত প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির(পিআইসি) মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের অফিস/বাসা-বাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতের অর্থ দ্বারা বাস্তবায়নের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
<tr>
<td>চ) উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের সংস্কার বিষয়ে আলোচনা।</td>
<td>জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির ট্যাংক পরিবর্তন, পানির লাইন সংস্কার এবং উপজেলা পরিষদ কমপ্লেক্সের রাস্তায় সীলকোটকরণ কাজ সম্পাদনের জন্য সরেজমিন পরিমাপ গ্রহণ করে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে; যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো ঃ
<table>
<tr><th>ক্রম নং</th><th>কাজের বিবরণ</th><th>ব্যয়িত অর্থের পরিমান</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির ট্যাংক পরিবর্তন, পানির লাইন সংস্কার কাজ</td><td>১,০০,০০০/-</td></tr>
<tr><td></td><td>এবং উপজেলা পরিষদ কমপ্লেক্সের</td><td>১,০০,০০০/-</td></tr>
</table></td>
<td>ক) পার্শ্বে বর্ণিত প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির(পিআইসি) মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাতের অর্থ দ্বারা বাস্তবায়নের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | <table><tr><td></td><td>রাস্তায় সীলকোটিকরণ কাজ</td><td></td></tr><tr><td></td><td>সর্বমোট</td><td>২,০০,০০০/-</td></tr></table> তিনি বর্ণিত প্রকল্পটির কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানান। | | |
| ছ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির ট্যাংক পরিবর্তন, পানি শোধন ইউনিট স্থাপন ও পানির লাইন সংস্কার বিষয়ে আলোচনা। | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের পানির ট্যাংক পরিবর্তন, পানি শোধন ইউনিট স্থাপন ও পানির লাইন সংস্কার কাজ সম্পাদনের জন্য সরেজমিন পরিমাপ গ্রহণ করে ৮০,০০০/- (আশি হাজার) টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি বর্ণিত প্রকল্পটির কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানান। | ক) পার্শ্বে বর্ণিত প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির(পিআইসি) মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাতের অর্থ দ্বারা বাস্তবায়নের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| জ) উপজেলা পরিষদ পাঠাগার সংস্কার ও আসবাবপত্র সরবরাহ বিষয়ে আলোচনা। | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ পাঠাগার সংস্কার ও প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের জন্য সরেজমিন পরিমাপ গ্রহণ করে ১১,০০,০০০/-(এগারো লক্ষ) টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন প্রদানের অনুরোধ জানান। | ক) পার্শ্বে বর্ণিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রকল্পটি বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র যোগাযোগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঝ) উপজেলা পরিষদ মিলনায়তনে ডিসপ্লেবোর্ড স্থাপন এবং কনফারেন্স টেবিল ও চেয়ার ক্রয়ের বিষয়ে আলোচনা। | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ মিলনায়তনে ডিসপ্লেবোর্ড স্থাপন এবং কনফারেন্স টেবিল ও চেয়ার ক্রয়ের জন্য সরেজমিন পরিমাপ গ্রহণ করে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন প্রদানের অনুরোধ জানান। | ক) পার্শ্বে বর্ণিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রকল্পটি বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র যোগাযোগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঞ) উপজেলা পরিষদ মিলনায়তনের ছাদে মহিলা কর্মকর্তা/ কর্মচারীদের জন্য নামাজের স্থান ও ওয়াসরুম নির্মাণ বিষয়ে আলোচনা। | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, বিভিন্ন অফিসে কর্মরত মহিলা কর্মকর্তা/কর্মচারীদের নামাজ আদায়ের সুবিধার্থে উপজেলা পরিষদ মিলনায়তনের ছাদে নামাজের স্থান ও ওয়াসরুম নির্মাণ জন্য সরেজমিন পরিমাপ গ্রহণ করে ৮,৮০,০০০/-(আট লক্ষ আশি হাজার) টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন প্রদানের অনুরোধ জানান। | ক) পার্শ্বে বর্ণিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রকল্পটি বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র যোগাযোগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ট) উপজেলা পরিষদের জন্য ঘাস কাটার মেশিন ক্রয়ের বিষয়ে আলোচনা। | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদ মাঠ ও আশ-পাশের এলাকায় প্রচুর ঘাস জন্মায়। ফলে কয়েকদিন পর পর ঘাস কেটে পরিস্কার করতে হয়। এতে উপজেলা পরিষদের অনেক অর্থ ব্যয় হয়। উপজেলা পরিষদের জন্য একটি ঘাস কাটার মেশিন ক্রয় করা হলে পরিস্কার-পরিচ্ছন্নতা খাতে অনেক অর্থের সাশ্রয় হবে। তাই তিনি উপজেলা রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে একটি ঘাস কাটার মেশিন ক্রয়ের অনুমোদন প্রদানের অনুরোধ জানান। | ক) স্থানীয় বাজার দর যাচাই করে উপজেলা রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ে উন্নতমানের একটি ঘাস কাটার মেশিন ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |
| ঠ) উপজেলা পরিষদের পুরাতন | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পরিষদের পুরাতন | ক) উপজেলা পরিষদের পুরাতন আসবাবপত্র সমূহ রং/বার্নিশ কাজে | ক) উপজেলা নির্বাহী অফিসার/ |

<table>
<tr>
<td>আসবাবপত্র মেরামত বিষয়ে আলোচনা।</td>
<td>আসবাবপত্র সমূহ সংগ্রহ/ক্রয়ের পর হতে এখন পর্যন্ত রং/বার্নিশ করা হয়নি। তাই ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করে কিছু আসবাবপত্র রং ও বার্নিশ করা হয়েছে। উক্ত খরচের বিল উপজেলা রাজস্ব তহবিলের আসবাবপত্র মেরামত খাত হবে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।</td>
<td>ব্যয়িত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা খরচের বিল উপজেলা রাজস্ব তহবিলের আসবাবপত্র মেরামত খাত হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
<tr>
<td>ড) ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের বিষয়ে আলোচনা।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ কর্তৃক সভায় সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত জাতীয় নির্দেশিকা সভায় উপস্থাপন করা হয়। জাতীয় নির্দেশিকা অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে 'ইউনিয়ন কমিটি' ও 'ওয়ার্ড কমিটি' গঠণ ও কমিটির সভা আহবানপূর্বক স্ব-স্ব অধিক্ষেত্রে ডেঙ্গু মশা নিধনে গৃহীত কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>ক) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত জাতীয় নির্দেশিকায় প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক 'ইউনিয়ন কমিটি' ও 'ওয়ার্ড কমিটি' সমূহ গঠণপূর্বক গঠিত কমিটির সভা আহবান এবং স্ব-স্ব-অধিক্ষেত্রে ডেঙ্গু মশা নিধনে কর্মপরিকল্পনা গ্রহণক্রমে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নসহ এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে প্রেরণের জন্য সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।</td>
<td>ক) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল)।</td>
</tr>
<tr>
<td>ঢ)সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি পুনর্গঠণ বিষয়ে আলোচনা।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, তার বিভাগীয় কাজের চাপ খুব বেশি এবং অফিসে দক্ষ জনবলের অভাব রয়েছে। তাছাড়া উপজেলা পর্যায়ে একটি সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের জন্য কিশোর-কিশোরী ক্লাবের সাংস্কৃতিক কর্মীদের আনতে হয়। কিশোর-কিশোরী ক্লাবের সদস্যগণ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে লেখা-পড়া করেন বিধায় তার কথায় কেউ উপজেলায় আসতে চায় না। এতে কোন অনুষ্ঠান পরিচালনায় তাকে খুব বেগ পেতে হয়। তাই সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সদস্য-সচিব এর দায়িত্ব হতে তাকে অব্যাহতি প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>ক) সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সদস্য-সচিব এর দায়িত্ব হতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অব্যাহতি দিয়ে তদস্থলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণকে সদস্য-সচিব করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ক) উপজেলা মহিলা বিষয়ক অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
<tr>
<td>ণ) পত্রিকায় মুদ্রণ খরচের বিল পরিশোধের বিষয়ে আলোচনা।</td>
<td>জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের বিপরীতে গৃহীত প্রকল্পের দরপত্র বিজ্ঞপ্তিসমূহ বিভিন্ন পত্রিকায় প্রকাশ করতে হয়েছে। সেপ্রেক্ষিতে সংশ্লিষ্ট পত্রিকা অফিস হতে নিম্নোবর্ণিত মুদ্রণ খরচের বিল পরিশোধের জন্য দাখিল করা হয়েছে ঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরণ</th><th></th><th>বিলের পরিমান</th></tr>
<tr><td>০১</td><td>বিজ্ঞপ্তি নং ০২/২০২৩-২০২৪, তারিখ : ১৭/৮/২০২৩ খ্রিঃ</td><td>দৈনিক রূপসী বাংলা পত্রিকা</td><td>২৫,৭৬০/-</td></tr>
<tr><td>০২</td><td>বিজ্ঞপ্তি নং ০২/২০২৩-২০২৪, তারিখ : ১৭/৮/২০২৩ খ্রিঃ</td><td>দৈনিক এশিয়া বাণী</td><td>৪৬,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>বিজ্ঞপ্তি নং ০২/২০২৩-২০২৪, তারিখ : ১৭/৮/২০২৩ খ্রিঃ</td><td>মুসলিম টাইমস্</td><td>৩২,২০০/-</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট</td><td>১,০৩,৯৬০/-</td></tr>
</table>
</td>
<td>ক) পার্শ্বে বর্ণিত মুদ্রণ খরচের বিল সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদন দেয়া হয়।</td>
<td>ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | উপরে বর্ণিত বিল সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | | |
| ত) উপজেলা পরিষদ মিলনায়তনের ভাড়া জমা করার জন্য পৃথক একটি ব্যাংক হিসাব খোলা সংক্রান্ত বিষয়ে আলোচনা। | জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, আধুনিকায়নকৃত উপজেলা মিলনায়তনটি এখণ বিভিন্ন সভা/সেমিনার আয়োজনের কাজে ব্যবহার করা হচ্ছে। বিগত সভায় উপজেলা পরিষদ হলরুম ব্যবহারের জন্য ভাড়ার হার নির্ধারণ করে দেয়া হয়েছে। ভাড়া বাবদ আদায়কৃত অর্থ একটি ব্যাংক হিসাবে জমা রেখে উক্ত অর্থ হলরুম রক্ষণাবেক্ষণ/ যন্ত্রপাতি তাৎক্ষণিক মেরামত কাজে ব্যবহার করার প্রয়োজন হবে। তাই হলরুমের ভাড়ার অর্থ জমা করার জন্য একটি ব্যাংক হিসাব খোলা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) উপজেলা পরিষদ মিলনায়তনের ভাড়ার অর্থ জমা করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ , কুমিল্লা সদর দক্ষিণ ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ এর যৌথ স্বাক্ষরে পরিচালিত একটি ব্যাংক হিসাব খোলার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ। |
| থ) উপজেলা পরিষদ ভবনে অবস্থিত প্রতিটি অফিস/ দপ্তরের জন্য পৃথক পৃথক বৈদ্যুতিক মিটার স্থাপন বিষয়ে আলোচনা। | জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা সভায় জানান, উপজেলা পরিষদের নামে ৪টি বৈদ্যুতিক মিটার রয়েছে। তন্মধ্যে একটি কেন্দ্রীয় মিটার। উপজেলা পরিষদ ভবনে অবস্থিত যে সকল অফিসের নিজস্ব মিটার নেই, সেসকল অফিসে ব্যবহৃত বিদ্যুৎ কেন্দ্রীয় মিটারে প্রদর্শিত হয়। ফলে প্রতিমাসে কেন্দ্রীয় মিটারের বিপরীতে বড় অংকের বিদ্যুৎ বিল আসে; যা প্রতি মাসে উপজেলা পরিষদকে পরিশোধ করতে হচ্ছে। উপজেলা পরিষদের উপর বিদ্যুৎ বিলের চাপ হ্রাসের জন্য উপজেলা পরিষদ ভবনে অবস্থিত প্রতিটি অফিস/ দপ্তরের জন্য পৃথক পৃথক বৈদ্যুতিক মিটার স্থাপন করা প্রয়োজন। | ক) আগামী অক্টোবর, ২০২৩ মাসের মধ্যেই উপজেলা পরিষদ ভবনে অবস্থিত প্রতিটি অফিস/ দপ্তরের নামে পৃথক পৃথক বৈদ্যুতিক মিটার স্থাপন/ সংযোগ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয়। | ক) বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল, কুমিল্লা সদর দক্ষিণ। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গোলাম সারওয়ার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০১.০০২.২৩-৭১৫(৫০)

তারিখ : ১৭ আশ্বিন ১৪৩০
০২ অক্টোবর ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০৭। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৮। উপজেলা ............................................................................................ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

০৯। চেয়ারম্যান,.........................................................................................ইউনিয়ন পরিষদ (সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

১০। সংরক্ষণ নথি।


Rubay 02/10/23

রুবাইয়া খানম
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
ফোন- ০১৭৩৩০৫৪৯৩৬
ই-মেইলঃ unocomillasadarsouth@gmail.com


পরিশিষ্ট "ক"

## ১৯/৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ

### (প্রতিনিধি সদস্যবৃন্দ)

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | উপস্থিতি | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | উপস্থিতি | অনুপস্থিতি | |
| ০১ | জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০২ | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | | |
| ০৩ | মিসেস নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৪ | জনাব মোঃ তানভীর হোসেন, চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৫ | জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৬ | জনাব মোঃ ওবায়েদুর রহমান, চেয়ারম্যান, গলিয়ারা উত্তর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | | |
| ০৭ | জনাব মোঃ জামাল উদ্দিন প্রধান, চেয়ারম্যান, গলিয়ারা দক্ষিণ ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৮ | জনাব মোঃ সেলিম আহাম্মদ, চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৯ | জনাব মোঃ মমিনুল ইসলাম, চেয়ারম্যান, জোড়কানন (পূর্ব) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১০ | জনাব মোঃ হাসমত উল্লাহ, চেয়ারম্যান, জোড়কানন(পশ্চিম) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |

### (কর্মকর্তা সদস্যবৃন্দ )

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | উপস্থিতি/অনুপস্থিতির চিত্র | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০২ | ডাঃ মোহাম্মদ মেজবাহ উদ্দীন, উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৩ | অফিসার ইন চার্জ, কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৪ | সৈয়দ মোঃ তৈয়ব হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৫ | জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৬ | জনাব মোঃ জুনায়েদ কবির খাঁন, উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৭ | ডাঃ ইকবাল হোসেন, উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৮ | জনাব শামীমা শারমীন, উপজেলা সমাজ সেবা অফিসার ,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ০৯ | জনাব পারভীন আক্তার, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | - |
| ১০ | জনাব মোহাম্মদ মিজানুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১১ | জনাব মোঃ সালাহ উদ্দিন মাহমুদ, উপজেলা যুব উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১২ | জনাব নাসরিন আক্তার, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৩ | মোসাম্মৎ শাহানা আক্তার, উপজেলা সমবায় অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৪ | জনাব প্রবীর কুমার রায়, উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৫ | জনাব মোঃ শাহ জালাল মিয়া, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৬ | জনাব সোহানা আক্তার লিজা, উপজেলা পরিসংখ্যান অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |
| ১৭ | জনাব মোঃ সাইফুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, | উপস্থিত | - | |

| | | | | |
|---|---|---|---|---|
| | কুমিল্লা | | | |
| ১৮ | জনাব মো: ফজলে রাব্বী সরকার, ফরেস্ট্রার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ১৯ | জনাব মোঃ রেজাউল ইসলাম, উপজেলা মৎস্য অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২০ | জনাব রওশন আরা, উপজেলা শিক্ষা অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | পদশূন্য |
| ২২ | জনাব মোঃ মনিরুল ইসলাম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৩ | জনাব মোঃ ফজলে রাব্বী, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৪ | বেগম সালমা খাতুন, সহকারী প্রোগ্রামার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৫ | জনাব মুহাম্মদ রায়হান আরেফীন, উপজেলা নির্বাচন অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |
| ২৬ | জনাব ফারহানা আক্তার রুনা, তথ্যসেবা কর্মকর্তা (তথ্য আপা) তথ্য কেন্দ্র, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | উপস্থিত | - | |
| ২৭ | জনাব শিমুল কান্তি সরকার, উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা | - | অনুপস্থিত | |

-০০০-

উপজেলা পরিষদ কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২৩-৭৫৬(৫০) তারিখ ঃ ০৭ কার্তিক ১৪৩০ / ২৩ অক্টোবর ২০২৩

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণবশত: ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৫১তম মাসিক সভা ( অক্টোবর, ২০২৩ মাসের) আগামী ২৯/১০/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১ঃ০০ টায় কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/চিঠি-পত্রের বিষয়ে আলোচনা।
০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ / পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৪। বিভিন্ন স্থায়ী কমিটির সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৫। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।
০৬। উপজেলা পরিষদের সদস্যগণ কর্তৃক উপস্থাপিত বিষয় সমূহ আলোচনা।
০৭। বিবিধ বিষয় আলোচনা।

ক) ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
খ) পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার প্রকল্প) এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
গ) উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টাল আপডেটকরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা।

০২। উক্ত সভায় যথাসময়ে অংশগ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল এবং সভার কার্যপত্র (যদি থাকে) আবশ্যিকভাবে আগামী ২৬/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইলে (ই-মেইল নং- unocomillasadarsouth@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্যও তাঁকে অনুরোধ করা হ'ল।

২৬/১০/২৩
রুবাইয়া খানম
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
মোবাইল-০১৭৩৩৩৫৪৯৩৬
ই-মেইল- unocomillasadarsouth@gmail.com

প্রাপক ঃ ..............................
..............................
..............................
ও সদস্য, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২৩-৭৫৬/১(৫০)/১(৭) তারিখ ঃ ০৭ কার্তিক ১৪৩০ / ২৩ অক্টোবর ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৫। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী এর সদয় অবগতির জন্য।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাঁকে উপজেলা কমিটির কোন সুপারিশ থাকলে তা এ কার্যালয়ে আগামী ২৬/১০/২০২৩ তারিখের মধ্যে ই-মেইলে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাকে এ নোটিশটি ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৮। সংরক্ষণ নথি।

২৬/১০/২৩
রুবাইয়া খানম
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

# উপজেলা পরিষদ কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

## কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভার সভাপতি ঃ জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান , উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
সভার তারিখ ঃ ২৯ অক্টোবর, ২০২৩ খ্রিঃ, রোজ রবিবার সভার সময় ঃ বেলা ১১ঃ০০ টা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
সভার উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"-তে উল্লেখ করা হলো

উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব গোলাম সারওয়ার এর সভাপতিত্বে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ মাসের সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ জানান। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব রুবাইয়া খানম আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হলো ঃ

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় বিগত ১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান, জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক সময়ে সময়ে মৌখিক ও লিখিতভাবে প্রদত্ত পরামর্শ মোতাবেক কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে। তিনি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের এ সভায় কোন বিষয়ে কোন সুপারিশ আছে কিনা সে বিষয়ে তথ্য উপস্থাপনের জন্য উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং সকল বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ জানান।

এ প্রসঙ্গে উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে জানান যে, জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক সুপারিশকৃত ৭টি প্রকল্প 'আরএফকিউ' পদ্ধতিতে বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।

সিদ্ধান্ত ঃ

ক) জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক সুপারিশকৃত প্রকল্পগুলো প্রাক্কলন মোতাবেক দ্রুত বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।

খ) মাননীয় অর্থমন্ত্রী মহোদয় এঁর নিকট হতে মৌখিক ও লিখিতভাবে কোন পরামর্শ পাওয়া গেলে সেবিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে তাৎক্ষণিক অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

০৪। নুতন কোন সার্কুলার/পরিপত্র বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব রুবাইয়া খানম, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা কোন বিষয়ে মন্ত্রণালয় হতে কোন পরিপত্র/সার্কুলার পাওয়া গেলে তা সভায় উপস্থাপনের জন্য সকলকে অনুরোধ জানান। সেপ্রেক্ষিতে আলোচনায় অংশ নিয়ে বিভাগীয় কর্মকর্তাগণ জানান, উর্ধতন কর্তৃপক্ষের নিকট হতে নতুন কোন পরিপত্র/সার্কুলার পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ

ক) কোন বিষয়ে মন্ত্রণালয় হতে কোন সার্কুলার/পরিপত্র পাওয়া গেলে তা পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

০৫। বিগত সভার সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা ঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব-বিভাগের কাজের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত ঃ

ক) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ফলোআপ রিপোর্ট এবং সভার কার্যপত্র (যদি থাকে) যথাসময়ে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার নিকট জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ বিভাগীয় কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল।

০৬। বিভিন্ন উপজেলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

ক) জনাব রুবাইয়া খানম, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা কর্তৃক ২৯ অক্টোবর, ২০২৩ পর্যন্ত অনুষ্ঠিত বিভিন্ন উপজেলা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উপজেলা কমিটির কার্যবিবরণী সমূহ পর্যালোচনায় দেখা যায়-

অক্টোবর, ২০২৩ মাসের এ পর্যন্ত ০৮টি উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি অক্টোবর, ২০২৩ মাসের এ পর্যন্ত প্রমাপ অনুযায়ী ০৮টি উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) উপজেলা কমিটির সভাসমূহ নিয়মিত অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়।

বাস্তবায়নেঃ ১। সভাপতি, সংশ্লিষ্ট সকল উপজেলা কমিটি।
২। সদস্য-সচিব (বিভাগীয় কর্মকর্তা), সংশ্লিষ্ট সকল।

০৭। সভায় অনুমোদন যোগ্য উপজেলা কমিটির নিকট হতে প্রাপ্ত প্রস্তাব সমূহের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | উপজেলা কমিটির নাম | প্রাপ্ত প্রস্তাব ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটি | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৫/১০/২০২৩ তারিখ বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার দর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) অক্টোবর ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০২ | মুক্তিযোদ্ধা বিষয়ক উপজেলা কমিটি | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৭/১০/২০২৩ তারিখ মুক্তিযোদ্ধা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতার অর্থ ওয়ারীশদের নামে প্রতিস্থাপন এবং বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা ভাতা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) অক্টোবর ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৩ | সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটি | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৭/১০/২০২৩ তারিখ সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সমাজ কল্যাণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রকার ভাতা বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) অক্টোবর ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৪ | মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটি | জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৫/১০/২০২৩ তারিখ মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় মহিলা বিষয়ক অফিসের বিভাগীয় কার্যক্রম পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) অক্টোবর ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৫ | কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ০৪/১০/২০২৩ তারিখ কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রম পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) অক্টোবর ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | পল্লী উন্নয়ন ও সমবায় উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১০/১০/২০২৩ তারিখ পল্লী উন্নয়ন ও সমবায় উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) অক্টোবর ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৭ | যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ২২/১০/২০২৩ তারিখ যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রম পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) অক্টোবর ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |
| ০৮ | পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটি | জনাব নাছিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১০/১০/২০২৩ তারিখ পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বনবিভাগের কার্যক্রম পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি। | ক) অক্টোবর ২০২৩ মাসে প্রমাপ অনুযায়ী পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি। |

০৮। উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিভাগ সমূহের বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা ঃ

সভায় বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ | ক) জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে অবহিত করেন যে- চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় 'আরএফকিউ' পদ্ধতিতে বাস্তবায়নের জন্য ০৫টি প্যাকেজের আওতায় মোট ১৭টি প্রকল্প প্রস্তুত করা হয়েছে; যা পরিশিষ্ট "খ"-তে উল্লেখ করা হলো। উক্ত প্রকল্পগুলি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের স্বার্থে 'আরএফকিউ' পদ্ধতিতে বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।<br>খ) জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে আরো অবহিত করেন যে- আনসার ব্যারাক নির্মাণের লক্ষে নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান প্রক্রিয়াধীন রয়েছে।<br>গ) জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে আরো অবহিত করেন যে- জোড়কানন দিঘীর উত্তর পাড়ে আরসিসি ঘাটলা নির্মাণ ও জোড়কানন দিঘীর পশ্চিম পাড়ে আরসিসি ঘাটলা নির্মাণ প্রকল্প দু'টি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন প্রদান প্রয়োজন। তিনি আরো জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে উন্নয়ন তহবিলের আওতায় জোড়কানন পশ্চিম ইউনিয়নের ধনপুর গ্রামের এনামুল এর বাড়ী হতে ওমর আলীর বাড়ী পর্যন্ত ড্রেনটি বর্তমানে জায়গা সংকটের কারণে উক্ত স্থানে বাস্তবায়ন করা সম্ভব নয়। তাই উক্ত প্রকল্পটির পরিবর্তে কামাল মিয়ার | ক) চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় পরিশিষ্ট "খ"-তে বর্ণিত ০৫টি প্যাকেজের আওতায় মোট ১৭টি প্রকল্প 'আরএফকিউ' পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আনসার ব্যারাক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।<br>গ) জোড়কানন দিঘীর উত্তর পাড়ে আরসিসি ঘাটলা নির্মাণ ও জোড়কানন দিঘীর পশ্চিম পাড়ে আরসিসি ঘাটলা নির্মাণ প্রকল্প দু'টি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন দেয়া হয় এবং জোড়কানন পশ্চিম ইউনিয়নের ধনপুর এনামুল এর বাড়ী হতে ওমর আলীর বাড়ী পর্যন্ত ড্রেনটি নির্মাণ প্রকল্পটির পরিবর্তে কামাল মিয়ার বাড়ী হতে বাহার মিয়ার বাড়ীর সীমানা পর্যন্ত ড্রেন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) উপজেলা উন্নয়ন তহবিলের অর্থ ব্যয়ে বিশ্বরোড-ভাটপাড়া সড়কে ৬৫মিঃ চেইনেজে ড্রেনসহ একটি কালভার্ট নির্মাণের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) বড় ধর্মপুর নুর হোসেনের বাড়ীর পার্শ্বে | ক)+খ)+গ)+ ঘ)+ঙ) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাড়ী হতে বাহার মিয়ার বাড়ীর সীমানা পর্যন্ত ড্রেন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়ন করা প্রয়োজন।<br>ঘ) জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে আরো অবহিত করেন যে- বিশ্বরোড-ভাটপাড়া সড়কে ৬৫মিঃ চেইনেজে বিদ্যমান কালভার্টটি ক্ষতিগ্রস্থ হওয়ায় সড়কের পার্শ্ববর্তী পানি কালভার্টের মাধ্যমে ড্রেইনেজ হওয়ার জন্য উক্ত চেইনেজে ড্রেনসহ একটি কালভার্ট নির্মাণের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের অনুরোধ জানান।<br>ঙ) জনাব তপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে আরো অবহিত করেন যে- বড় ধর্মপুর নুর হোসেনের বাড়ীর পার্শ্বে ক্ষতিগ্রস্থ কালভার্ট নির্মাণ কাজের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার একটি প্রকল্প ইতোপূর্বে অনুমোদন দেয়া হয়। কিন্তু সরেজমিনে দেখা যায় উক্ত রাস্তার নিম্নে বর্ণিত স্থানে ২টি কালভার্ট নির্মাণ প্রয়োজন।<br>০১। বড়ধর্মপুর রুহুল আমিনের বাড়ীর পার্শ্বে কালভার্ট নির্মাণ প্রকল্প, টাকাঃ ১,০০,০০০/- (এক লক্ষ)মাত্র<br>২। বড়ধর্মপুর লালমাই প্রকল্পের লেকের পার্শ্বে কালভার্ট নির্মাণ প্রকল্প, টাকাঃ ১,০০,০০০/- (এক লক্ষ)মাত্র<br>তিনি পূর্বে অনুমোদিত ২ লক্ষ টাকার প্রকল্পটি বাতিলপূর্বক উপরে বর্ণিত ২টি প্রকল্প বাস্তবায়নের অনুমোদন প্রদানের অনুরোধ জানান। | ক্ষতিগ্রস্থ কালভার্ট নির্মাণ কাজের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার অনুমোদিত প্রকল্পটি বাতিলপূর্বক নিম্নে বর্ণিত স্থানে ২টি কালভার্ট উপজেলা উন্নয়ন তহবিলের অর্থ ব্যয়ে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০১। বড়ধর্মপুর রুহুল আমিনের বাড়ীর পার্শ্বে কালভার্ট নির্মাণ প্রকল্প, টাকাঃ ১,০০,০০০/- (এক লক্ষ)মাত্র<br>২। বড়ধর্মপুর লালমাই প্রকল্পের লেকের পার্শ্বে কালভার্ট নির্মাণ প্রকল্প, টাকাঃ ১,০০,০০০/- (এক লক্ষ)মাত্র | |
